



Dhaka Tribune

Dhaka Tribune, 2022-03-16, Online

মেধা বৃত্তি পেলেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ৪৭১
মেধাবী শিক্ষার্থী

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রায় ৬০%-ই নারী



বুধবার মেধাবী শিক্ষার্থীদের হাতে বৃত্তি সনদ তুলে দেয় ইস্ট ওয়েস্ট কর্তৃপক্ষ সৌজন্য

পড়াশোনায় অসামান্য কৃতিত্বের জন্য ৪৭১ জন শিক্ষার্থীকে মেধা বৃত্তি প্রদান করেছে বেসরকারি বিশ্ববিদ্যালয় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রায় ৬০%-ই নারী।

বুধবার (১৬ মার্চ) সকালে রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ২০২০ সালের বসন্তকালীন থেকে ২০২২ সালের বসন্তকালীন সেমিস্টারে বৃত্তি পাওয়া শিক্ষার্থীদের হাতে বৃত্তির সনদ তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী।

তিনি বলেন, দেশের মোট জনশক্তির অর্ধেক যেহেতু নারী, তাই তাদের কর্মক্ষেত্রে এগিয়ে আসতে হবে। প্রয়োজনে উদ্যোক্তা হতে হবে, অন্যথায় দেশের অগ্রগতি ব্যাহত হবে। পাশাপাশি সব শিক্ষার্থীকেই প্রতিষ্ঠিত হয়ে বাবা-মার পাশে থাকার অনুরোধ করেন তিনি।

সৈয়দ মঞ্জুর এলাহী বলেন, প্রত্যেক বাবা-মা তাদের সর্বস্ব দিয়ে সন্তানদের মানুষ করেন। সন্তানদেরও উচিত বাবা-মাকে না ভুলে তাদের পাশে থাকা।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. জিয়াউলহক মামুন। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারপার্সন, শিক্ষক, কর্মকর্তা, বৃত্তি পাওয়া শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা উপস্থিত ছিলেন।